# বরিশাল বোর্ডের প্রথম এসএসসি পরীক্ষা : পরীক্ষার্থী ৫৫৮৪১

**বরিশাল** : বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের অধীনে আগামী ১৫ মার্চ অনুষ্ঠেয় এসএসসি পরীক্ষায় এ বছর মোট ৫৫ হাজার ৮৪১ জন ছাত্রছাত্রী অংশ নেবে। খবর বাসস'র।

বোর্ড সূত্রে জানা যায়, এই বোর্ডের অধীনে এটিই প্রথম পরীক্ষা। পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য পরীক্ষা কমিটি, পর্যবেক্ষক কমিটি, আইন ও শৃঙ্খলা রক্ষাকারী কমিটির মতো বিভিন্ন কমিটি গঠন করা হয়েছে। আসন্ন এসএসসি পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্নের জন্য বোর্ড কর্তৃপক্ষ সব পদক্ষেপ নিচ্ছে বলে বোর্ড চেয়ারম্যান জানিয়েছেন।

তিনি আরও জানান, বরিশাল জেলা থেকে ২২ হাজার ৫৪০ জন, ঝালকাঠি থেকে ৪ হাজার ৮৯৪ জন, পটুয়াখালী থেকে ৯ হাজার ৫৬২ জন, পিরোজপুর থেকে ৭ হাজার ৩৩৭ জন, ভোলা থেকে ৫ হাজার ৩৫ জন ও বরগুনা থেকে ৬ হাজার ৪৭৩ জন পরীক্ষার্থী অংশ নেবেন।